

- ২। না ভাবিলাম তব পদে, দুঃখে ভাসি পদে পদে,
হরি পদাঘাত না হয় কর হৃদে, তরিব ঘোর নিদানে ॥
- ৩। দিন গত হয় দিনে-দিনে, ঠেল না পায় এ দীনে,
তোমার দীন-দয়াল নাম শ্রবণে ডুবলাম না কোনদিনে ॥
- ৪। আপন দোষে আপনি মরি, দোষ দিব কার কেউ নাই হরি,
আমায় বঞ্চিত করো না হরি কিঞ্চিৎ প্রেম বিতরণে ॥

—যাদবচন্দ্র গোস্বামী ঠাকুর



৯৪ নং

তাল—একতালা

মনের মানুষ কোথায় গিয়ে পাই।

রব না গৃহবাসে, যাব যেন কোন দেশে,

এ দেশে দরদী নাই ।

- ১। তৃণ যেমন ঘূর্ণিবাতে, তেমনি আমি ঘুরি মর্মাঘাতে গো
কোন পথে কার বা সাথে যাই ।

আমায় হরিল কি সন্ধানে, ধরি বা কোন সন্ধানে,

কোন সন্ধানে প্রাণ জুড়াই ॥

- ২। সহে না আর সয় না জীবনে, আমার মনে কয় সই

যাই গো বনে গো,

নির্জনে বান্ধবের গুণ গাই ।

মন লয় না ভোগ বিলাসে, মন মানুষের উদ্দেশ্যে

দেশে দেশে ঘুরিয়ে বেড়াই ॥